গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ উপজেলা পরিষদের জুলাই, ২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ জনাব অরূপ রতন সিংহ, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভার তারিখ | ঃ ৩১ জুলাই, ২০২৫ খ্রিঃ। |
| সময় | ঃ সকাল ১১ .৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপ-সহকারী প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে সমাপ্ত হয়েছে। চলমান অর্থ বছরে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। গত অর্থ বছরের কিছু রাস্তার কাজ চলমান রয়েছে মর্মে তিনি জানান।<br>খ) উপ-সহকারী প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের কাজ চলমান রয়েছে। কাজটি দ্রুত সমাপ্ত করা হবে। তাছাড়া উপজেলা পরিষদের নতুন ভবনের কাজ সমাপ্ত হয়েছে। ভবনে বিদ্যুৎ এর সংযোগ দেওয়ার কাজ করা অতীব জরুরী মর্মে তিনি উল্লেখ করেন। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের নতুন ভবনের বিদ্যুৎ সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, বিউবো, ছাতক বরাবরে পত্র দেওয়া হয়েছে। প্রাক্কলন পাওয়ার পর কাজ শুরু করা হবে মর্মে তিনি জানান। | ক) ২০২৪- ২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে সমাপ্ত করায় উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়।<br>খ) উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের কাজ প্রাক্কলন অনুসারে সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| ০২ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০২৪-২৫ অর্থ বছরে ৩,৪৬০ জনকে আমনের প্রণোদনা হিসাবে বীজ ও সার ইউনিয়নের তালিকা অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে বিতরণ করা হয়েছে। আমন মৌসুমে লক্ষ্যমাত্রা ১৪,৬২৫ হেক্টর, ইতিমধ্যে ৬০% আমন ধানের চারা রোপন করা সম্পন্ন হয়েছে, অবশিষ্ট জমি ভাদ্র মাসের ৩০ তারিখের মধ্যে শেষ হবে। রবি মৌসুমে আনাবাদী জমি আবাদের আওতায় আনার লক্ষ্যে এডিপি হতে দুই হাজার কেজি সরিষার বীজ কৃষক পর্যায়ে বিতরণ করা হয়েছে। তাছাড়া কৃষক পর্যায়ে নারকেলের চারা, সবজির বীজ ও বিভিন্ন ফলের চারা বিতরণ করা হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। | ক) আমনের প্রণোদনা হিসাবে বীজ ও সার ইউনিয়নের তালিকায় অনুসারে বিতরণ করায় উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার |
| ০৩ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন এ উপজেলা হাওর অধ্যুষিত উপজেলা। এ উপজেলায় উন্নয়নমুলক কাজ করার সময় একেবারে কম পাওয়া যায়। তাই ২০২৫-২৬ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর অগ্রাধিকার তালিকা প্রণয়ন করা প্রয়োজন। অগ্রাধিকার তালিকা থাকলে বরাদ্দ পাওয়ার সাথে সাথে প্রকল্প অনুমোদন এবং দ্রুত কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে। তাই কাবিখা-কাবিটা এবং টি আর | ক) ২০২৫-২৬ অর্থ বছরে কাবিখা-কাবিটা এবং টি আর সাধারণ এর অগ্রাধিকার তালিকা প্রণয়ন করে দ্রুত জমা দেওয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সাধারণ এর অগ্রাধিকার তালিকা প্রণয়ন করে দ্রুত জমা দেওয়ার জন্য অনুরোধ জানান। তাছাড়া এ অর্থ বছরে উপজেলায় কয়েকটি এইচবিবি রাস্তা ও কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি সভায় জানান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন বন্যার জন্য শুকনো খাবার এসেছিল, কিন্তু বন্যা না হওয়ায় খাবারগুলো বিতরণ করা সম্ভব হয়নি। তাই খাবারগুলো গরীব ও অসহায় ব্যক্তি এবং যে ইউনিয়নে গুচ্ছ গ্রাম আছে সেখানের মানুষের তালিকা দেওয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক তালিকার ভিত্তিতে বন্যার শুকনো খাবার গরীব ও অসহায় ব্যক্তিদের মধ্যে বিতরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৪ | প্রাথমিক শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। দোয়ারাবাজার উপজেলার ১০৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে শিখন মান যাচাইয়ের লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত মূল্যায়ণ টুলসের আলোকে বেইসলাইন সার্ভে কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে সকল শিক্ষককে এই বিষয়ে প্রশিক্ষিত করা হয়েছে। বেইসলাইনোত্তর চিহ্নিত দুর্বল শিক্ষার্থীদের নিরাময় মূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য কর্মপরিকল্পণা গ্রহণ করা হবে। কর্ম পরিকল্পনা অনুসরণ করে এই কার্যক্রম ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বিভিন্ন পর্যায়ে চলমান থাকবে। প্রাথমিক বৃত্তি পরীক্ষা আবার শুরু হবে। এ বিষয়ে সকল নির্দেশনা বিদ্যালয়গুলো প্রেরণ করা হয়েছে। তিনি আরো বলেন রাধানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনের উপর দিয়ে বিদ্যুতের লাইন যাওয়ার ফলে যেকোন সময়ে দুর্ঘটনা ঘটতে পারে। তাই বিদ্যুতের লাইন অপসারণ করা জন্য বিদ্যুৎ বিভাগে বার বার বলা হলেও কাজটি করা হচ্ছে না। তিনি বিদ্যুতের লাইন অপসারণ করা ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে নতুন বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের এই মহতী উদ্যোগকে সার্থক ও ফলপ্রসু করার লক্ষ্যে স্ব-স্ব অবস্থান থেকে ব্যাপক প্রচার ও সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার |
| ০৫ | মাধ্যমিক শিক্ষা | ক) উপজেলা একাডেমিক সুপারভাইজার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। এইচ এস সি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। এ বছর আবার জেএসসি পরীক্ষা শুরু হওয়ার সম্ভবনা রয়েছে। দোয়ারাবাজার উপজেলা ভৌগলিক কারণে শিক্ষা ক্ষেত্রে পিছিয়ে আছে। অভিভাকদের আরো সচেতন করার লক্ষ্যে প্রতিটি বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ করা অতীব প্রয়োজন। এতে শিক্ষার মান উন্নয়ন হবে মর্মে তিনি উল্লেখ করেন। | শিক্ষার মান উন্নয়নে প্রতিটি বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৬ | মৎস্য ও প্রাণীসম্পদ | ক) উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। এ উপজেলায় প্রায় প্রতিটি বাজারে কসাইখানা রয়েছে, কিন্তু তাদের অনেকের লাইসেন্স নেই। সকল কসাইখানার লাইসেন্স করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে মালিকদের অবহিত করার অনুরোধ জানান। তিনি আরো বলেন তার অফিসের সীমানা প্রাচীরের অবশিষ্ট অংশ সমাপ্ত করার জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | ক) সকল কসাইখানার লাইসেন্স করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে মালিকদের অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৭ | খাদ্য বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলায় খাদ্য বান্ধব ডিলার নিয়োগ দেওয়া হয়েছে। আগস্ট/২৫ মাস হতে চাল প্রদান করা হবে। কার্ডধারী যেন সঠিক ভাবে চাল পায় এবং বিতরণ সুষ্ঠু ও সুন্দর ভাবে করার ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | নিয়োগপ্রাপ্ত ডিলারদের মাধ্যমে খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় কার্ডধারীদের মাঝে সঠিক ভাবে চাল বিতরণ করার ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮ | যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। আগামী ১২ আগস্ট/২৫ তারিখে জাতীয় যুব দিবস। এ উপলক্ষ্যে দোয়ারাবাজার উপজেলাও র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকা অনুরোধ জানান। | আগামী ১২ আগস্ট/২৫ তারিখে জাতীয় যুব দিবস আয়োজনের প্রস্তুতি গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৯ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | ক) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার তাঁর পরিচয় প্রদান করে বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। দোয়ারাবাজার উপজেলায় বোগলাবাজার ইউনিয়নে নতুন একটি FWC হয়েছে। কিন্তু জনবল না থাকায় সেবা কার্যক্রম পরিচালনা করা যাচ্ছে না। জনবল প্রদানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে মর্মে তিনি জানান।<br>খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। দেশে প্রথমবারের মতো টাইফয়েড প্রতিরোধে টিকা দেবে সরকার। আগামী ১ লা সেপ্টেম্বর হতে ৯ মাস বয়স হতে ১৫ বছর ১১ মাস ২৯ দিন বয়সী ৫ কোটি শিশুকে এই টিকা প্রদান করা হবে। এই টিকা গ্রহণ করতে হতে অনলাইনে নিবন্ধন করতে হবে। নিবন্ধন আগস্ট মাসের ১ তারিখ হতে শুরু হয়েছে। নিবন্ধনের জন্য ১৭ সংখ্যার জন্ম নিবন্ধন সনদ থাকতে হবে। যাদের জন্ম নিবন্ধন নেই তাদেরকে মা/বাবার মোবাইল নম্বর দিয়ে নিবন্ধন করতে হবে এবং তাদের ভ্যাকসিন গ্রহণের তথ্য কাগজে লিখে দেওয়া হবে। মোট কথা ভ্যকসিন পেতে হলে অবশ্যই অনলাইনের নিবন্ধন করে টিকার কার্ড সংগ্রহ করতে হবে। এ বিষয়ে জনগণকে সচেতন করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন টাইফয়েড প্রতিরোধে টিকা গ্রহণে মাধ্যমিক, মাদ্রাসা এবং প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সচেতন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার বলেন সরকার কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম জোরদার করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। কমিউনিটি ক্লিনিক হলো ইউনিয়ন পরিষদের সম্পত্তি। ক্লিনিকের ব্যবস্থাপনা কমিটির সভাপতি হলেন সংশ্লিষ্ট ওয়ার্ডের সভাপতি। তাই কমিউনিটি ক্লিনিক সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনা করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তদারকি করার অনুরোধ জানান।<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার বলেন সরকার কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রায় ২২ প্রকারের ওষুধ দেওয়া হয়। ওষুধগুলো পরিচালনা কমিটির উপস্থিতে খোলা নির্দেশনা রয়েছে। কমিউনিটি ক্লিনিককে মিডওয়াইফ নিয়োগ দেওয়া হলে প্রত্যান্ত অঞ্চলে ডেলিভারী করা সম্ভব হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা যে কয়টি কমিউনিটি ক্লিনিক ও FWC আছে, সেইগুলোতে কর্মরত কর্মচারীর তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দেওয়ার জন্য অনুরোধ জানান।<br>ঘ) চেয়ারম্যান, বাংলাবাজার ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের ৯ ও ২ নং ওয়ার্ড সবচেয়ে বড় এবং জনসংখ্যাও বেশী। কিন্তু এ ওয়ার্ডে কোন কমিউনিটি ক্লিনিক না থাকায় জনগণ চিকিৎসা সেবা হতে বঞ্চিত হচ্ছে। ৯নং ওয়ার্ডে | ক) বোগলাবাজার FWC তে জনবল বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>খ) টাইফয়েড প্রতিরোধে টিকা প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান সমূহে রেজিস্টেশন কার্যক্রম সুসম্পন্ন করা এবং এ বিষয়ে জনগণকে সচেতন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তদারকি করার অনুরোধ জানানো হয়।<br>ঘ) বাংলাবাজার ইউনিয়নের ৯নং ওয়ার্ডে একটি কমিউনিটি ক্লিনিক স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজাকে অনুরোধ | ক) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার<br>খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল) দোয়ারাবাজার, সুনামগঞ্জ।<br>খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল)<br>ঘ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | একটি কমিউনিটি ক্লিনিক স্থাপনে যে পরিমাণ জায়গা প্রয়োজন সেই জায়গার ব্যবস্থা করবেন মর্মে তিনি জানান।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার বলেন জায়গার ব্যবস্থা করা হলে ৯ নং ওয়ার্ডে একটি কমিউনিটি ক্লিনিক স্থাপনের প্রস্তাব প্রেরণ করা হবে মর্মে তিনি উল্লেখ করেন। | জানানো হয়। | |
| ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। এ উপজেলার প্রতিটি ইউনিয়নে ১২টি করে টিউবওয়েলের বরাদ্দের বিপরীতে ইউনিয়নওয়ারী তালিকা অনুসারে টিউবওয়েল স্থাপনের কাজ শুরু করা হয়েছে। তিনি আরো বলেন ২০২৩-২৪ অর্থ বছরের টিউবওয়েল স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে, দ্রুত কাজ সমাপ্ত করা হবে মর্মে জানান। | ২০২৩-২৪ অর্থ বছরের টিউবওয়েল স্থাপনের ইউনিয়নওয়ারী তালিকা আগামী সভায় উপস্থাপন করার জন্য উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা সহকারী পল্লী উন্নয়ন অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বিআরডিবির আওতাধীন জোড়াবাড়ীর ২টি কোয়ার্টার রয়েছে। কোয়ার্টার ২টির অবস্থা ভাল না, তাই মেরামত করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলী কর্তৃক কোয়ার্টার ২টির মেরামতের প্রাক্কলন তৈরি করে দিলে বরাদ্দ আনার ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি কোয়ার্টার ২টির প্রাক্কলন তৈরি করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | বিআরডিবির আওতাধীন (জোড়াবাড়ীর) ২টি কোয়ার্টার মেরামতের প্রাক্কলন তৈরি করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ১২ | গ্রাম আদালত | উপজেলা সমন্বয়কারী, গ্রাম আদালত প্রকল্প, দোয়ারাবাজার বলেন গ্রাম আদালত আইন ২০০৬ (সংশোধীত ২০২৪) অনুযারী ইউনিয়ন পরিষদ গ্রাম আদালত পরিচালনা করার নির্দেশনা রয়েছে। তাই ইউনিয়ন পরিষদ চেয়াম্যানগণ গ্রাম আদালত পরিচালনা করার জন্য সাপ্তাহিক দিন নির্ধারণ করে এখতিয়ার ও ক্ষমতাভূক্ত মামলাগুলো গ্রাম আদালতের মাধ্যমে নিস্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মামলাগুলো নির্ধারিত ফরমে আবেদন এবং নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তি, নথি ও রেজিস্টার সঠিক ভাবে হালনাগাদ করতে হবে এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবরে ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। তিনি ইউনিয়ন পরিষদ কর্তৃক গ্রাম আদালত বিষয়ে জনগণকে সচেতন করতে প্রচার প্রচারনার উদ্যোগ গ্রহণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | গ্রাম আদালত বিষয়ে জনগণকে সচেতন করতে প্রচার প্রচারনার উদ্যোগ গ্রহণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমন্বয়কারী, গ্রাম আদালত প্রকল্প, দোয়ারাবাজার |
| ১৩ | সংস্থাপন | ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত গাড়ীচালক জনাব মোঃ হারুর অর রশিদ বিগত ৩০/০৬/২০১৫ খ্রি: চাকুরীতে যোগদান করে অদ্যাবধি সততা, নিষ্ঠা ও সন্তুষ্টির সাথে তাঁর উপর অর্পিত সকল দায়িত্ব পালন করে আসছেন। গত ৩০/০৬/২০২৫ খ্রি: তারিখে তাঁর চাকুরীকাল ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেছেন। তাছাড়া গত ২৪ জুলাই, ২০২৩ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০০.০৪৬.১৮.১৫৭.২০ (অংশ-১)-৩৫৩ এর নির্দেশনা মোতাবেক এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬.০৪৬.০২০.০০.০০.০০৫.২০১৫-৫৭০ তারিখ ২৫ এপ্রিল/২০১৬ এবং উপজেলা পরিষদ (কর্মচারী) চাকুরী বিধিমালা ২০১০ এর ৮ ধারা এর প্রদত্ত ক্ষমতাবলে | ক) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার গত ২৪ জুলাই, ২০২৩ তারিখে ৪৬.০০.০০০০. ০০.০৪৬.১৮. ১৫৭.২০ (অংশ-১)-৩৫৩ স্মারক নং-এর নির্দেশনা মোতাবেক এবং স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং ৪৬.০৪৬.০২০.০০.০০.০০৫. ২০১৫-৫৭০ তারিখ ২৫ এপ্রিল/২০১৬ এবং উপজেলা পরিষদ (কর্মচারী) চাকুরী বিধিমালা ২০১০ এর ৮ ধারা এর প্রদত্ত ক্ষমতাবলে জনাব জনাব মোঃ হারুর অর রশিদ, গাড়ীচালক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ তাঁর চাকুরী সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিরেখে ১০ (দশ) বছর অতিবাহিত হওয়ায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ (১) নং | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

CS CamScanner

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>আবেদনকারীর চাকুরী সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিরেখে ১০ (দশ) বছর অতিবাহিত হওয়ায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ (১) নং অনুচ্ছেদ মোতাবেক গ্রেড-১৬, বেতনস্কেল ৯,৩০০-২২,৪৯০/- হতে উচ্চতর গ্রেড-১৫, বেতনস্কেলে ৯৭০০-২৩,৪৯০/- হতে গত ৩০/০৬/২০২৫ খ্রি: তারিখ হতে উচ্চতর গ্রেড মঞ্জুর করার জন্য সভায় অনুরোধ জানান।</td><td>অনুচ্ছেদ মোতাবেক গ্রেড-১৬, বেতনস্কেল ৯,৩০০-২২,৪৯০/- হতে উচ্চতর গ্রেড-১৫, বেতনস্কেলে ৯৭০০-২৩,৪৯০/-হতে গত ৩০/০৬/২০২৫ খ্রি: তারিখ হতে উচ্চতর গ্রেড মঞ্জুর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>১৪</td><td>রাজস্ব তহবিল সংক্রান্ত</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের লক্ষ্য নিম্নবর্ণিত আবেদনগুলো সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>আবেদনসমূহ</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১। উপজেলা পরিষদের জীপ গাড়ী স্টার্ট ও সচল রাখার জন্য জুন ও জুলাই/২০২৫ মাসে পর্যন্ত ৩০ লিটার পেট্রোল ক্রয়</td><td>৪,২১৯/-</td></tr>
<tr><td>২। জনাব মিনারা বেগম, স্বামী- আব্দুস সামাদ, সাং- মাঝেরগাঁও, ইউপি- ০৩ নং দোয়ারাবাজার, সুনামগঞ্জ এর মেয়ের বিয়ের জন্য আর্থিক সহযোগিতা</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>৩। উপজেলা পরিষদের প্রশাসকের কার্যালয়, উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, ও অডিটেরিয়াম এর প্রিপেইড বিদ্যুৎ মিটার (ফেব্রুয়ারি/২৫ হতে জুলাই/২৫) মাসের রিচার্জ বাবদ</td><td>১৭,৬০৪/-</td></tr>
<tr><td>৪। জনাব আব্দুন নূর, পিতা- মৃত সাজিদ আলী, সাং- ঘিলাছড়া, ইউপি- ০২ নং নরসিংপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ এর চিকিৎসা সহায়তা</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>৫। ২০২৫ সালের এস. এস. সি পরীক্ষার্থীদের মধ্যে জিপিএ ৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত ব্যয়</td><td>৫১,৬৩৫/-</td></tr>
<tr><td>৬। উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, এবং উপজেলা পরিষদের বিভিন্ন জায়গার সিসি ক্যামেরা স্থাপনের জন্য নতুন সিসি ক্যামেরা ক্রয় এবং মেরামতের যন্ত্রপাতি ক্রয় বাবদ ব্যয়</td><td>৫৫,৪৮০/-</td></tr>
<tr><td>৭। বীর মুক্তিযোদ্ধা আব্দুল করিম, কান্দাগাঁও, বোগলাবাজার এবং প্রবীর চন্দ্র সরকার, বীরসিংপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ মৃত্যুবরণ করায় তাদের দাফন কাফন বাবদ ব্যয়</td><td>৮,০০০/-</td></tr>
<tr><td>৮। উপজেলা পরিষদের ১নং কোয়ার্টারের পানির পাম্পের বিল মার্চ/২৫ হতে জুন/২৫ পর্যন্ত</td><td>৬,০০০/-</td></tr>
</table>
তিনি আবেদনগুলো অনুমোদন এবং ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার কর্তৃক উপস্থাপিত আবেদনগুলো অনুমোদন করা হয় এবং ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার</td></tr>
</table>

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

31.07.2025

(অরূপ রতন সিংহ)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২৪-৭৬ তারিখ ঃ- ৩১ জুলাই, ২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। জনাব..........................................................................................।
৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি

31.07.2025

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ উপজেলা পরিষদের আগস্ট, ২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ জনাব অরূপ রতন সিংহ, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভার তারিখ | ঃ ২৮ আগস্ট, ২০২৫ খ্রিঃ। |
| সময় | ঃ সকাল ১১ .৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপির বরাদ্দ এখনও পাওয়া যায়নি। গত অর্থ বছরের কিছু রাস্তার কাজ চলমান রয়েছে। হাটবাজার রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন খাত হতে নেওয়া প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রায় ৬০% কাজ সমাপ্ত হয়েছে, খুব দ্রুত কাজ সমাপ্ত করা হবে মর্মে তিনি জানান। | ক) হাটবাজার রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন খাত হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে সমাপ্ত করায় জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| | | খ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। বৃষ্টির কারণে রং এর কাজ করা সম্ভব হচ্ছে না। তাই আগামী মাসে রং এর কাজ করা হবে। প্রধান ফটকের কাজ শুরু করা হয়েছে, কাজটি দ্রুত সমাপ্ত করা হবে মর্মে তিনি উল্লেখ করেন। | খ) উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের রং এর কাজ এবং প্রধান ফটকের কাজ প্রাক্কলন অনুসারে সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন নির্বাহী প্রকৌশলী, বিউবো, ছাতক কর্তৃক উপজেলা পরিষদের নতুন ভবনের বিদ্যুৎ সংযোগের প্রাক্কলন পাওয়া গেছে। ভবনের বিদ্যুৎ সংযোগের প্রাক্কলন ব্যয় ২৪,৬৩,৮১৯/- টাকা নির্ধারণ করা হয়েছে। উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করতে হবে। তবে স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদন করে কাজ বাস্তবায়ন করা হবে মর্মে তিনি জানান। | গ) নির্বাহী প্রকৌশলী, বিউবো, ছাতক কর্তৃক উপজেলা পরিষদের নতুন ভবনের বিদ্যুৎ সংযোগের নির্ধারিত প্রাক্কলন ব্যয় ২৪,৬৩,৮১৯/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার নিমিত্তে স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | গ) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| | | ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের নতুন ভবনে তাঁর রুম ইন্টেরিয়র করণ ও এসি স্থাপন এবং কর্মচারীদের কক্ষে আসবাবপত্র প্রয়োজন। রুম ইন্টেরিয়র করণ ও এসি স্থাপন এবং কর্মচারীদের রুমে আসবাবপত্র ক্রয়ের প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজাকে অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ নতুন ভবনে উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর রুম ইন্টেরিয়র করণ, এসি স্থাপন ও কর্মচারীদের কক্ষে আসবাবপত্র ক্রয় করার জন্য প্রায় ১৫ লক্ষ টাকা প্রয়োজন হবে। উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার নিমিত্তে স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদন প্রয়োজন। তিনি স্থানীয় সরকার বিভাগ হতে প্রকল্পটি অনুমোদন করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | ঘ) উপজেলা পরিষদ নতুন ভবনে উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর রুম ইন্টেরিয়র করণ ও এসি স্থাপন এবং কর্মচারীদের কক্ষে আসবাবপত্র ক্রয়ে ১৫ লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদন করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | ঘ) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |



CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০২ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি সম্প্রারণ অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। আমন মৌসুমে লক্ষ্যমাত্রা ১৪,৬২৫ হেক্টর, ইতিমধ্যে ৮০% আমন ধানের চারা রোপন করা সম্পন্ন হয়েছে, অবশিষ্ট জমি ভাদ্র মাসের ৩০ তারিখের মধ্যে শেষ হবে। রবি মৌসুমে আনাবাদী জমি আবাদের আওতায় আনার লক্ষ্যে এডিপি হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | আমন মৌসুমে লক্ষ্যমাত্রা অর্জন করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার |
| ০৩ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দোয়ারাবাজার বলেন ২০২৫-২৬ অর্থ বছরে এখনও বরাদ্দ পাওয়া যায়নি। তবে আগামী মাসের প্রথমার্ধে বরাদ্দ পাওয়া যাবে। উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর অগ্রাধিকার তালিকা প্রণয়ন করে দ্রুত জমা দেওয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া এ অর্থ বছরে উপজেলায় কয়েকটি এইচবিবি রাস্তা ও কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি সভায় জানান। | ক) ২০২৫-২৬ অর্থ বছরে কাবিখা-কাবিটা এবং টি আর সাধারণ এর অগ্রাধিকার তালিকা প্রণয়ন করে দ্রুত জমা দেওয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৪ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজরসবা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। এ উপজেলায় ১৫,৭৭৬ জনকে ভাতা আওতায় আনা হয়েছে। ভাতার টাকা আগে ব্যাংক এশিয়ার মাধ্যমে দেওয়া হতো। বর্তমানে সরকার ভাতাভোগীদের সুবিধা মত ব্যাংকে হিসাব খোলার নির্দেশনা দিয়েছেন। তাই ভাতাভোগীগণ তাদের মত করে যে কোন ব্যাংকে হিসাব খোলতে পারবেন। বিষয়টি ভাতাভোগীদের জানানোর জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ভাতাভোগীগণ যে কোন ব্যাংকে হিসাব খোলার বিষয়ে ভাতাভোগীদের জানানোর জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজরসবা অফিসার, দোয়ারাবাজার |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। রাধানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনের উপর দিয়ে বিদ্যুতের লাইন যাওয়ার ফলে যেকোন সময়ে র্দুঘটনা ঘটতে পারে। তাই বিদ্যুতের লাইন অপসারণ করা জন্য বিদ্যুৎ বিভাগে বার বার বলা হলেও কাজটি করা হচ্ছে না। তিনি বিদ্যুতের লাইন অপসারণ করা ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন নির্বাহী প্রকৌশলী, পল্লী বিদ্যুৎ বিভাগ, ছাতককে তিনি বিদ্যুতের লাইন অপসারণ করার অনুরোধ করা হলেও এখনও কাজটি করা হয়নি। তিনি তিনি বিদ্যুতের লাইন অপসারণ করার ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় জানান। | রাধানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনের উপর দিয়ে বিদ্যুতের লাইন অপসারণ করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | ক) উপজেলা একাডেমিক সুপারভাইজার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। এইচ এস সি পরীক্ষা সুষ্ঠ ও সুন্দর ভাবে সমাপ্ত হয়েছে। বিদ্যালয়গুলোতে টাইফয়েড টিকার রেজিষ্টেশন কার্যক্রম চলমান রয়েছে, টিকা দেওয়ার নির্দিষ্ট তারিখের পূর্বে শতভাগ রেজিস্টেশন সম্পুন্ন হবে মর্মে তিনি উল্লেখ করেন। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলোতে টাইফয়েড টিকার রেজিষ্টেশন কার্যক্রম দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৭ | মৎস্য ও প্রাণীসম্পদ বিভাগ | ক) উপজেলা মৎস্য কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। ৩১/০৮/২০২৫ খ্রিঃ তারিখে এ উপজেলায় বিভিন্ন জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করা হবে। উক্ত তারিখে উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ জানান। | ক) দোয়ারাবাজার উপজেলায় বিভিন্ন জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করণে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, দোয়ারাবাজার |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮ | খাদ্য বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলায় খাদ্য বান্ধব ডিলার নিয়োগ দেওয়া হয়েছে। আগস্ট/২৫ মাস হতে চাল প্রদান করা হচ্ছে। উপজেলার প্রতিটি ইউনিয়নে একজন টেক অফিসার নিয়োগ দেওয়া হয়েছে। কার্ডধারী যেন সঠিক ভাবে চাল পায় এবং বিতরণ সুষ্ঠু ও সুন্দর ভাবে করার ব্যবস্থা গ্রহণের জন্য টেক অফিসার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | নিয়োগপ্রাপ্ত ডিলারদের মাধ্যমে খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় কার্ডধারীদের মাঝে সঠিক ভাবে চাল বিতরণ করার ব্যবস্থা গ্রহণের জন্য টেক অফিসার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার |
| ০৯ | যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। গত ১২ আগস্ট/২৫ তারিখে জাতীয় যুব দিবস সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | ১২ আগস্ট/২৫ তারিখে জাতীয় যুব দিবস যুব দিবস সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত করায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলার প্রতিটি ইউনিয়নে ১০ টি করে টিউবওয়েলের বরাদ্দের বিপরীতে ইউনিয়নওয়ারী তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ২০২৫-২৬ অর্থ বছরের টিউবওয়েল স্থাপনের ইউনিয়নওয়ারী তালিকা দ্রুত জমা দেওয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ১১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | ক) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার তাঁর পরিচয় প্রদান করে বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। দেশে প্রথমবারের মতো টাইফয়েড প্রতিরোধে টিকা দেবে সরকার। আগামী ১২ অক্টোবর হতে ০৯ মাস বয়স হতে ১৫ বছর ১১ মাস ২৯ দিন বয়সী ৫ কোটি শিশুকে এই টিকা প্রদান করা হবে, যা শিশুদের টাইফয়েড সংক্রমনজনিত অসুস্থতা ও মৃত্যুহার বহুলাংশে হ্রাস করবে। ক্যাম্পেইন চলাকালে প্রত্যেক শিশুকে নিরাপদ ১ ডোজ টাইফয়েড টিকা বিনামূল্যে প্রদান করা হবে। টিকাদান কার্যক্রম চলাকালে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রাক-প্রাথমিক হতে ৯ম শ্রেণী পর্যন্ত সকল শিক্ষার্থীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে এবং শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ০৯ মাস হতে ১৫ বছরের কম বয়সী সকল শিশুকে বিদ্যমান ইপিআর টিকাদান কেন্দ্রেএই টাইফয়েড টিকা প্রদান করা হবে। তাই মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা এবং প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সচেতন করার ব্যবস্থা গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ জানান। | ক) টাইফয়েড প্রতিরোধে টিকা প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান সমূহে রেজিস্ট্রেশন কার্যক্রম সুসম্পন্ন করা এবং এ বিষয়ে জনগণকে সচেতন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল) দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| ১২ | হাট বাজার সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন এ উপজেলার বাংলাবাজার ইউনিয়নের বাংলাবাজার হাটটি ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদান করা হয়েছিল। ইজারাকালে ১ম বার বাজারটি সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদান করে মূল্য পরিশোধ করার জন্য নোটিশ প্রদান করা হয়েছিল। কিন্তু ইজারাপক্ষ নির্দিষ্ট তারিখের মধ্যে ইজারা মূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে বাজারটি পুনরায় ২য় ইজারায় অন্তর্ভুক্ত করে ইজারা প্রদান করা হয়। বাজারটির ইজারাদার ১ম পক্ষ মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন দাখিল করেন এবং মহামান্য হাইকোর্ট তাদের পক্ষে বাজারটি ইজারা দেওয়ার আদেশ প্রদান করেন। মহামান্য হাইকোর্টের আদেশ মোতাবেক ১ম পক্ষকে বাজারটির দখল বুঝিয়ে দেওয়া হয়েছিল। কিন্তু ১৪৩২ বাংলা সনে ইজারা প্রদান করা হলে ১৪৩১ বাংলা সনের ইজারাদার আবার মহামান্য হাইকোর্টে রিট করেন। ইজারাদার ১৪৩১ বাংলা সনের প্রায় ২মাস পর বাজারটি দখল নিয়েছিলেন। তিনি ০২ মাসের ইজারা মূল্য ফেরত দেওয়ার জন্য মহামান্য হাইকোর্টে রিট করলে মহামান্য হাইকোর্টে ২ মাসের ইজারা মূল্য ফেরত দেওয়ার | মহামান্য হাইকোর্টের আদেশের প্রেক্ষিতে বাংলাবাজার ইউনিয়নের বাংলাবাজার হাটটির ১৪৩১ বাংলা সনের ২ মাসের ইজারা মূল্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ফেরত দেওয়ার বিষয়ে পরবর্তী নির্দেশনা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>জন্য আদেশ প্রদান করেন। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ, দোয়ারাবাজার বলেন যেহেতু ইজারাদার ১৪৩১ বাংলা সনের প্রায় ২মাস পর বাজারটি দখল নিয়েছিলেন, সেহেতু তিনি ২ মাসের ইজারা মূল্য ফেরত পাওয়ার দাবিদার এবং মহামান্য হাইকোর্টও ২ মাসের ইজারা মূল্য ফেরত দেওয়ার জন্য আদেশ প্রদান করেছেন। তাই আইনি প্রক্রিয়া মেনে কিভাবে ০২ মাসের ইজারা মূল্য ফেরত দেওয়া যায় তা উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>১৩</td><td>রাজস্ব তহবিল সংক্রান্ত</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের লক্ষ্য নিম্নবর্ণিত আবেদনগুলো সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>আবেদনসমূহ</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>১। জনাব ফজলুল হক তালুকদার, পিতা- মৃত আব্দুল বারী, সাং- মুরাদপুর, ইউপি- দোয়ারাবাজার, উপজেলা- দোয়ারাবাজার, জেলা- সুনামগঞ্জ এর চিকিৎসার জন্য আর্থিক সহযোগিতা</td><td>১৫,০০০/-</td></tr>
<tr><td>২। জুলাই যোদ্ধাহত পরিবারের সদস্যদের মাঝে ০৩ টি সেলাই মেশিন বিতরণ</td><td>২৮,২৯০/-</td></tr>
<tr><td>৩। উপজেলা পরিষদের সৌজন্য ডাইরী ও মগ ক্রয়</td><td>৫৭,৪৭২/-</td></tr>
<tr><td>৪। বীর মুক্তিযোদ্ধা মারফত আলী, সাং- মঙ্গলপুর, ইউপি- পান্ডারগাঁও, এবং আব্দুর রশিদ, সাং- টেংরাটিলা, উত্তরপাড়া, ইউপি- সুরমা, , দোয়ারাবাজার, সুনামগঞ্জ মৃত্যুবরণ করায় দাফন কাফন বাবদ</td><td>৮,০০০/-</td></tr>
</table>
তিনি আবেদনগুলো অনুমোদন এবং ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার কর্তৃক উপস্থাপিত আবেদনগুলো অনুমোদন করা হয় এবং ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার</td></tr>
</table>

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

28.08.2025

(অরূপ রতন সিংহ)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
তারিখ ঃ- ২৮ আগস্ট, ২০২৫ খ্রিঃ।

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২৪-৭৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। জনাব...................................................................................................।
৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি

28.08.2025

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ জনাব অরূপ রতন সিংহ, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভার তারিখ | ঃ ২৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ। |
| সময় | ঃ দুপুর ১২ .০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপির ১ম কিস্তিতে ২৯.২১ লক্ষ টাকা পাওয়া গেছে, ৪টি কিস্তিতে মোট ১,১৬,৮৪,০০০.০০ টাকা পাওয়া যাবে মর্মে তিনি উল্লেখ করেন। উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের ১,৩০,০০,০০০.০০ টাকাসহ মোট ২,৪৬,৮৪,০০০.০০ টাকার প্রকল্প গ্রহণ করা যাবে।<br><br>তিনি হাটবাজার রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন খাতে নেওয়া প্রকল্পসমূহের কাজের অগ্রগতি উপস্থাপন করেন।<br>প্রকল্পসমূহ<br>খাতের নাম / চলমান / অসমাপ্ত / সমাপ্ত:<br>হাট-বাজার রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন খাতের মোট প্রকল্প ৩০টি / ০৩ টি / ০৩ টি / ২৪ টি<br>চলমান কাজগুলা দ্রুত বাস্তাবায়ন করা হবে মর্মে তিনি সভায় জানান। | ক) ২০২৫- ২০২৬ অর্থ বছরে এডিপি এবং উপজেলা পরিষদ রাজস্ব উদ্ধৃত্ত উন্নয়ন তহবিল হতে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত প্রকল্প দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| | | খ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের কাজ চলমান রয়েছে। বর্তমানে রং এর কাজ শুরু করা হয়েছে। প্রধান ফটকের কাজ চলমান রয়েছে, কাজটি দ্রুত সমাপ্ত করা হবে মর্মে তিনি উল্লেখ করেন। | খ) উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের রং এর কাজ এবং প্রধান ফটকের কাজ প্রাক্কলন অনুসারে সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বাসভবন এবং সীমানা প্রাচীরের রং কয়েক বছর পূর্বে করা হয়েছিল, রং এর অভাবে বর্তমানে ভবনটি এবং সীমানা প্রাচীর অসুন্দর দেখাচ্ছে। তাই তিনি তাঁর বাসভবন রং করণ, বাসভবনের অভ্যন্তরে সৌন্দয্যবর্ধন কাজ এবং সীমানা প্রাচীরের রং করণে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর বাসভবন রং করণ, বাসভবনের অভ্যন্তরে সৌন্দয্যবর্ধন এবং সীমানা প্রাচীরের রং করণে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২.০০ লক্ষ টাকা বরাদ্দ এবং পিআইসির মাধ্যমে কাজ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | ঘ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন দোয়ারাবাজার-বাংলাবাজার রাস্তাটি অত্যান্ত গুরুত্বপূর্ণ রাস্তা। জনগুরুত্বপূর্ণ এ রাস্তাটির বিভিন্ন অংশে গর্ত হওয়ায় ও ভেঙ্গে যাওয়ায় যানবাহন চলাচলের অনুপযোগি হয়ে পড়েছে। তাই রাস্তাটি মেরামতের লক্ষ্যে প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | ঘ) দোয়ারাবাজার-বাংলাবাজার রাস্তাটি মেরামতের জন্য এডিপি বরাদ্দ হতে ২০.০০ লক্ষ টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্ত |
|---|---|---|---|---|
| | | ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের মুল গেইটে **গার্ড পোষ্ট স্থাপন** এবং গেইটের সামনে দুই পাশে যাতে ভ্রাম্যমান কোনো দোকান না বসে সে জন্যে সীমানা প্রাচীর ঘেষে বক্স তৈরি করে ফুলের বাগান করার প্রস্তাব করেন। | ঙ) উপজেলা পরিষদের মুল গেইটে গার্ড পোষ্ট স্থাপন ও সৌন্দয্যবর্ধন ফুলের বাগান নির্মানের প্রাক্কলন আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | চ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের অডিটোরিয়ামটিতে বিভিন্ন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়, কিন্তু মেরামতের অভাবে অডিটোরিয়ামে অনুষ্ঠানসমূহ মানসম্মত হচ্ছে না। তাই ভবনটি মেরামত, রংকরণ এবং সৌন্দয্যবর্ধন করার প্রস্তাব করেন। | চ) উপজেলা পরিষদের অডিটোরিয়াম ভবনটি মেরামত, রংকরণ এবং সৌন্দয্যবর্ধন করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২.০০ লক্ষ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত এবং দ্রুত কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | ছ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন বিগত ২০২১ খ্রিঃ হতে উপজেলা পরিষদের বাসাবাড়ীর এবং পানির পাম্পের ১৭টি মিটারের বিভিন্ন মেয়াদে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিলের কারণে প্রায় মিটার লক হয়ে যায়। নির্বাহী প্রকৌশলী, বিউবো, ছাতক বকেয়া বিদ্যুৎ প্রদানের জন্য পত্র দিয়েছেন। উপজেলা পরিষদের বকেয়া বিদ্যুৎ বিল ৬,১০,৪২৫/- টাকা। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৬,১০,৪২৫/- টাকা প্রদানের অনুরোধ জানান। | ছ) উপজেলা পরিষদের **বকেয়া বিদ্যুৎ বিল** ৬,১০,৪২৫/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | জ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলার বিভিন্ন ইউনিয়নে কয়েকটি ব্রীজ নির্মিত হলেও এপ্রোচ রাস্তা না থাকায় জনগণ সেসব ব্রীজ ব্যবহার করতে পারছেনা। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ হতে বাস্তবায়নাধীন ব্রীজগুলোর মধ্যে যেগুলো বাজেটের অভাবে অসম্পূর্ণ আছে এবং এপ্রোচ বিহীন ব্রীজ রয়েছে সেগুলো চিহ্নিত করে তালিকা প্রণয়ন এবং জনস্বার্থে সে সমস্ত অসম্পূর্ণ কাজের বাজেট বরাদ্দের জন্য যথাযথ মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য অনুরোধ করেন। | জ) উপজেলা প্রকৌশল বিভাগ হতে বাস্তবায়নাধীন ব্রীজগুলোর মধ্যে সেগুলো অসম্পূর্ণ আছে এবং এপ্রোচ বিহীন ব্রীজ রয়েছে সেগুলো সেগুলো চিহ্নিত করে তালিকা প্রণয়ন এবং জনস্বার্থে সে সমস্ত অসম্পূর্ণ কাজের বাজেট বরাদ্দের জন্য যথাযথ মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| ০২ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। আমন মৌসুমে লক্ষ্যমাত্রা ১৪,৬২৫ হেক্টর লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। বর্তমানে বোরো মৌসুম এবং রবি মৌসুমে কার্যক্রম শুরু করা হয়েছে। প্রণোদনা প্রদানের ক্ষেত্রে প্রকৃত উপকারভোগী বাছাই এবং যথাযথ সময়ে সার ও বীজ বিতরণ ও সরবরাহ করা হবে। রবি মৌসুমে আনাবাদী জমি আবাদের আওতায় আনার লক্ষ্যে এডিপি হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | ক) বোরো মৌসুম এবং রবি মৌসুমে প্রণোদনা প্রদানের ক্ষেত্রে প্রকৃত উপকারভোগী বাছাই এবং যথাযথ সময়ে সার ও বীজ সরবরাহ করার জন্য উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার |
| ০৩ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দোয়ারাবাজার বলেন ২০২৫-২৬ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেছে। উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দের বিপরীতে প্রকল্পসমূহ অনুমোদনের জন্য জেলা কর্ণধার কমিটিতে প্রেরণ করা হয়েছে। অনুমোদন পাওয়ার পর প্রকল্পসমূহের কাজ শুরু করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া এ অর্থ বছরে উপজেলায় কয়েকটি এইচবিবি রাস্তা ও কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি সভায় জানান। | ক) ২০২৫-২৬ অর্থ বছরে কাবিখা-কাবিটা এবং টি আর সাধারণ এর তালিকা জেলা কর্ণধার কমিটির অনুমোদনের পর প্রকল্পসমূহের কাজ শুরু করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| | | খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলায় অবকাঠামো উন্নয়ন কাজ করে ত্রাণ ও দুর্যোগ বিভাগ, প্রকৌশল বিভাগ এবং পানি উন্নয়ন বোর্ড। কিন্তু এ উপজেলায় অনেকগুলো ব্রিজ রয়েছে যেগুলোর এপ্রোচ নেই, এপ্রোচ না থাকায় জনগণ এটি ব্যবহার করতে পারছেন না। তাই ব্রিজের এপ্রোচ নির্মাণের কাবিখা, কাবিটা এবং টি আর হতে প্রকল্প গ্রহণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | খ) উপজেলার যেসকল ব্রিজের এপ্রোচ নেই সেসকল ব্রিজের এপ্রোচ নির্মাণের কাবিখা, কাবিটা এবং টি আর হতে প্রকল্প গ্রহণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | ক) উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। এ বছর প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তাছাড়া সুনামগঞ্জ জেলার প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে সুনামগঞ্জ জেলার সকল উপজেলায় "জেলা প্রশাসন মেধা যাচাই পরীক্ষা-২০২৫" এর জন্য উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানসমূহ কার্যক্রম পরিচালনা করছেন মর্মে তিনি সভায় জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জেলার প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে সুনামগঞ্জ জেলার সকল উপজেলায় "জেলা প্রশাসন মেধা যাচাই পরীক্ষা-২০২৫" নিমিত্ত অক্টোবর-২৫ এর শেষ সপ্তাহে প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ এবং ৫ম শ্রেণীর শিক্ষার্থীদের মানোন্নয়ন পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত মানোন্নয়ন পরীক্ষা অনুষ্ঠান, পুরস্কার প্রদানসহ যাবতীয় ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে একটি প্রকল্প গ্রহণ করার অনুরোধ জানান। | ক) "জেলা প্রশাসন মেধা যাচাই পরীক্ষা-২০২৫" এর নিমিত্ত প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ এবং ৫ম শ্রেণীর শিক্ষার্থীদের মানোন্নয়ন পরীক্ষা অনুষ্ঠান, পুরস্কার প্রদানসহ যাবতীয় ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব উর্দ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে ৩.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিআইসির মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৫ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | ক) উপজেলা একাডেমিক সুপারভাইজার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। এইচ এস সি পরীক্ষার ফলাফল অক্টোবর/২৫ মাসে ঘোষণা হওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়া বিদ্যালয়গুলোতে টাইফয়েড টিকার রেজিষ্টেশন কার্যক্রম চলমান রয়েছে, টিকা দেওয়ার নির্দিষ্ট তারিখের পূর্বে শতভাগ রেজিস্টেশন সম্পন্ন হবে মর্মে তিনি উল্লেখ করেন। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলোতে টাইফয়েড টিকার রেজিষ্টেশন কার্যক্রম দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৬ | মৎস্য ও প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। তিনি দেশীয় প্রজাতির মৎস্য সংরক্ষণে অভিযান অব্যাহত রেখেছেন। দেশীয় মাছ সংরক্ষেণে খাল-বিলে পানি থাকা আবশ্যক। তাই মৎস্যজীবীগণ খাল-বিল না শুকাতে পারে সেদিকে দৃষ্টি রাখার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। | দেশীয় প্রজাতির মৎস্য সংরক্ষণে মৎস্যজীবীগণ খাল-বিল না শুকাতে পারে সেদিকে দৃষ্টি রাখার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার, দোয়ারাজার |
| ০৭ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | প্যানেল চেয়ারম্যান, বোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দোয়ারাবাজার বলেন ২০২৩-২৪ অর্থ বছরের টিউবওয়েল স্থাপনের কাজ এখনও সমাপ্ত হয়নি। অনেক টিউবওয়েল স্থাপন করা হয়েছে কিন্তু পানি আসে না এবং অনেক টিউবওয়েলে স্থাপন হলেও অন্যান্য কাজ অসমাপ্ত রয়েছে। তিনি দ্রুত কাজ সমাপ্ত করার অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থ বছরের ইউনিয়নওয়ারী তালিকা আগামী সভায় উপস্থাপন করার জন্য উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থ বছরের ইউনিয়নওয়ারী তালিকা ও বাস্তবায়নের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করার জন্য উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৮ | অন্যান্য | ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনেক দপ্তর প্রধান বহুমাস যাবত ধারাবাহিক ভাবে অনুপস্থিত রয়েছেন। তাছাড়া অনিবার্য কারণে কোন দপ্তর প্রধান অনুপস্থিত হলেও উক্ত সভাসমূহে কোনো উপযুক্ত প্রতিনিধিও প্রেরণ করা হয় না। তাঁদের অনুপস্থিতির কারণে দপ্তরসমূহের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য উপজেলা বন কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ধারাবাহিক ভাবে বিগত ০৪ মাস এবং উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ধারাবাহিক ভাবে বিগত ০২ মাস অনুপস্থিত রয়েছেন। তিনি সকল অফিসারগণকে পরিষদের সভায় উপস্থিত থেকে সরকারের গুরুত্বপূর্ণ কাজে সহযোগিতা করার অনুরোধ জানান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলার অনেক দপ্তরের ওয়েব পোর্টাল অসম্পূর্ণ এবং হালনাগাদ তথ্য নেই। দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ করা অতীব জরুরী। তাই দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সকল অফিসারকে অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় ধারাবাহিক ভাবে অনুপস্থিত দপ্তর প্রধানগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা কর্মকর্তাকে পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলার দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল অফিসারগণকে অনুরোধ জানানো হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার<br>খ) সকল অফিসার |

CS CamScanner

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০৯</td><td>রাজস্ব তহবিল সংক্রান্ত</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের লক্ষ্য নিম্নবর্ণিত আবেদনগুলো সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>আবেদনসমূহ</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১। জনাব সুমাইয়া দাস, স্বামী- অমিত দাস, সাং- ভাবনগাঁও, আমবাড়ী, মান্নারগাঁও, দোয়ারাবাজার, সুনামগঞ্জ কে আর্থিক সহযোগিতা</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>২। উপজেলা পরিষদের চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ এবং অডিটিরিয়াম এর প্রিপেইড বিদ্যুৎ মিটারে (আগস্ট-সেপ্টেম্বর) রিচার্জ</td><td>৭,৮৪৪/-</td></tr>
<tr><td>৩। দোয়ারাবাজার উপজেলার শারদীয় দুর্গাপূজার বিভিন্ন পূজা মন্ডপে সিসি ক্যামেরা ক্রয় এবং বিতরণ বাবদ ব্যয়</td><td>৪৮,৩০০/-</td></tr>
<tr><td>৪। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং আনসার ক্যাম্পে পানির পাম্পের বিদ্যুতের প্রিপেইড মিটারে রিচার্জ বাবদ (জুলাই, আগস্ট, সেপ্টেম্বর /২০২৫)</td><td>১৬,০০০/-</td></tr>
</table>
তিনি আবেদনগুলো অনুমোদন এবং ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার কর্তৃক উপস্থাপিত আবেদনগুলো অনুমোদন করা হয় এবং ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার</td></tr>
</table>

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৮.০৯.২০২৫

(অরূপ রতন সিংহ)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫,৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২৪-৮৩ তারিখ ঃ- ২৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। জনাব........................................................................................ ।
৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি

২৮.০৯.২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় ঃ উপজেলা পরিষদের অক্টোবর, ২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ জনাব অরূপ রতন সিংহ, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভার তারিখ ঃ ২৭ অক্টোবর, ২০২৫ খ্রিঃ।
সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিমরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপির ১ম কিস্তিতে ২৯.২১ লক্ষ টাকা পাওয়া গেছে, ৪টি কিস্তিতে মোট ১,১৬,৮৪,০০০.০০ টাকা পাওয়া যাবে মর্মে তিনি উল্লেখ করেন। উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের ১,৩০,০০,০০০.০০ টাকাসহ মোট ২,৪৬,৮৪,০০০.০০ টাকার প্রকল্প গ্রহণ করা যাবে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ হতে প্রাপ্ত প্রকল্পসমূহ উপস্থাপন করেন। | ক) প্রশাসক, উপজেলা পরিষদ, ইউ/পি চেয়ারম্যানগণের প্রস্তবনা এবং উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক পরিশিষ্ট 'খ' এ উল্লেখিত প্রকল্পসমূহ জনস্বার্থে বাস্তবায়নের জন্য সর্বসম্মত গৃহিত হয় এবং দ্রুত প্রাক্কলন প্রস্তুত করে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| | | খ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন, ২০২৪-২০২৫ অর্থ বছরে হাটবাজার রক্ষাণাবেক্ষণ ও উন্নয়ন খাতে নেওয়া প্রকল্পসমূহের কাজের অগ্রগতি উপস্থাপন করেন।<br>প্রকল্পসমূহ<br>খাতের নাম: হাট-বাজার রক্ষাণাবেক্ষণ ও উন্নয়ন খাতের মোট প্রকল্প ৩০টি — চলমান: ০৩ টি; অসমাপ্ত: ০২ টি; সমাপ্ত: ২৫ টি<br>চলমান কাজগুলা দ্রুত বাস্তাবায়ন করা হবে মর্মে তিনি সভায় জানান। | খ) ২০২৪- ২০২৫ অর্থ বছরে হাটবাজার রক্ষাণাবেক্ষণ ও উন্নয়ন খাতে নেওয়া প্রকল্পসমূহের কাজ দ্রুত সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | গ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন লক্ষীপুর ইউনিয়নের সিংগের দাইর ব্রীজের উভয় পাশে ২০০ মিটার এপ্রোচ ও ব্লকসহ গাইডওয়াল কাজের অনুমোদন পাওয়া গেছে। দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হবে মর্মে তিনি উল্লেখ করেন। | গ) লক্ষীপুর ইউনিয়নের সিংগের দাইর ব্রীজের উভয় পাশে ২০০ মিটার এপ্রোচ ও ব্লকসহ গাইডওয়ালের কাজ দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের নতুন ভবনের বিদ্যুৎ সংযোগের প্রাক্কলিত মূল্য ২৪,৬৩,৮২০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার নিমিত্তে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২ শাখা হতে গত ১৬ অক্টোবর, ২০২৫ তারিখের ২৭৩ নং স্মারকে অনুমোদন পত্র পাওয়া গেছে। তিনি উপজেলা পরিষদের নতুন ভবনের বিদ্যুৎ সংযোগের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের নতুন ভবনের বিদ্যুৎ সংযোগের প্রাক্কলিত ২৪,৬৩,৮২০/- টাকা ডেপুটি ড্রাইরেক্টর, বিউবো, সিলেট বরাবরে প্রেরণ করার পর কাজ শুরু করবেন মর্মে তিনি | ঘ) উপজেলা পরিষদের নতুন ভবনের বিদ্যুৎ সংযোগের প্রাক্কলিত মূল্য ২৪,৬৩,৮২০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার নিমিত্তে ডেপুটি ড্রাইরেক্টর, বিউবো, সিলেট বরাবরে চেক প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এবং দ্রুত কাজ সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলী, বিউবো, ছাতককে অনুরোধ জানানো হয়। | |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | জানান। তিনি ডেপুটি ড্রাইরেক্টর, বিউবো, সিলেট বরাবরে ২৪,৬৩,৮২০/- টাকা প্রেরণ করার অনুরোধ জানান।<br>ঙ) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন দোয়ারাবাজার-বোগলাবাজার রাস্তা হতে টেংরাবাজার অভিমুখী রাস্তাটি যে প্রকল্পে প্রেরণ করা হয়েছিল, সে প্রকল্পে না হওয়ায় নতুন কোন প্রকল্পে প্রেরণ করে রাস্তাটি মেরামত করার অনুরোধ জানান।<br>চ) চেয়ারম্যান, নরসিংপুর ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের খাইরগাঁও ও নাছিমপুর বাজারের ব্রিজের এপ্রোচ নির্মাণ করার অনুরোধ জানান।<br>ছ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন দোয়ারাবাজার উপজেলার কোনো হাট বাজারে বর্জ্য ব্যবস্থাপনার জন্য ডসিবিন বা ডাম্পিং ষ্টেশন নেই। প্রতিটি হাট বাজারে ময়লা আবর্জনা যত্রতত্র ভাবে যেখানে সেখানে পেলানো হচ্ছে। এতে পরিবেশ দূষিত হচ্ছে। তাই এ অর্থ বছরে হাট বাজার উন্নয়ন ও রক্ষাণাবেক্ষণ খাত হতে প্রতিটি বাজারে একটি ড্রাম্পিং ষ্টেশন করার লক্ষ্যে জায়গা নির্ধারণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ঙ) দোয়ারাবাজার-বোগলাবাজার রাস্তা হতে টেংরাবাজার অভিমুখী রাস্তাটি যে প্রকল্পের মাধ্যমে মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>চ) নরসিংপুর ইউনিয়নের খাইরগাঁও ও নাছিমপুর বাজারের ব্রিজের এপ্রোচ নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>ছ) উপজেলার প্রতিটি হাট বাজারে ময়লা আবর্জনার জন্য একটি ডাসবিন বা ড্রাম্পিং ষ্টেশন করার লক্ষ্যে জায়গা নির্ধারণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | |
| ০২ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দোয়ারাবাজার বলেন ২০২৫-২৬ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দের বিপরীতে প্রকল্পসমূহ অনুমোদনের জন্য জেলা কর্ণধার কমিটিতে প্রেরণ করা হয়েছে, এখনও অনুমোদন পাওয়া যায়নি। তবে নভেম্বরের প্রথমে অনুমোদন পাওয়ার সম্ভবনা রয়েছে। তিনি দাখিলকৃত প্রকল্পসমূহের কাজ শুরু করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া এ অর্থ বছরে উপজেলায় কয়েকটি এইচবিবি রাস্তা ও কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি সভায় জানান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন যেসব প্রকল্প গ্রহণ করা হয়েছে সেসব প্রতি প্রকল্পের জন্য পৃথক নথিতে প্রকল্প স্থানের নির্মাণ কাজ পূর্ববর্তী ছবি সংযুক্ত (জিপিএস লোকেশনসহ) করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দোয়ারাবাজার বলেন প্রায় ৮০% প্রকল্পের ছবি জিপিএস লোকেশনের মাধ্যমে তুলে প্রকল্পের সাথে সংযোজন করা হয়েছে। বাকী প্রকল্পসমূহের ছবি দ্রুত পাওয়া যাবে মর্মে তিনি উল্লেখ করেন। | ক) ২০২৫-২৬ অর্থ বছরে কাবিখা-কাবিটা এবং টি আর সাধারণ এর দাখিলকৃত প্রকল্পসমূহের কাজ শুরু করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>খ) যেসব প্রকল্প গ্রহণ করা হয়েছে সেসব প্রকল্পের ছবি জিপিএস লোকেশনের মাধ্যমে তুলে প্রকল্পের সাথে সংযুক্ত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | ক) উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। সুনামগঞ্জ জেলার প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে সুনামগঞ্জ জেলার সকল উপজেলায় "জেলা প্রশাসন মেধা যাচাই পরীক্ষা-২০২৫" এর আলোকে দোয়ারাবাজার উপজেলা মেধা যাচাই পরীক্ষার সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। আগামী ২৯ অক্টোবর ২০২৫ তারিখে ১২ টি কেন্দ্রে ৪র্থ এবং ৫ম শ্রেণীর প্রায় ৬ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করবেন। তিনি "জেলা প্রশাসন মেধা যাচাই পরীক্ষা-২০২৫" সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন "জেলা প্রশাসন মেধা যাচাই পরীক্ষা-২০২৫" সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন করার জন্য যে সকল অফিসারগণকে দায়িত্ব প্রদান | ক) "জেলা প্রশাসন মেধা যাচাই পরীক্ষা-২০২৫" এর নিমিত্ত প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ এবং ৫ম শ্রেণীর শিক্ষার্থীদের মানোন্নয়ন পরীক্ষা সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে, তাঁদেরকে নির্ধারিত তারিখ ও সময়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | | |
| ০৪ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। দেশে প্রথমবারের মতো টাইফয়েড প্রতিরোধে টিকা দিচ্ছে সরকার। টিকার কার্যক্রম চলমান রয়েছে। ৯টি ইউনিয়নের মধ্যে টিকা দেওয়ার হার সবচেয়ে কম পান্ডারগাঁও ইউনিয়নে। ঐ ইউনিয়নে কিছু মাদ্রাসা রয়েছে তারা টাইফয়েড প্রতিরোধে টিকা গ্রহণ করতে ইচ্ছুক নয়, তবে তিনি ঐ সব প্রতিষ্ঠান প্রধানের সাথে আলোচনা চলমান রখেছেন। আশা করা যাচ্ছে যে, ঐ সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ টাইফয়েড প্রতিরোধে টিকা গ্রহণ করবেন। তিনি আরো বলেন এ উপজেলায় ২৬ টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্য সেবা নিয়ে বিভিন্ন অভিযোগ পাওয়া যাচ্ছে। অভিযোগের প্রেক্ষিতে তিনি ব্যবস্থাও গ্রহণ করছেন। কিন্তু স্থানীয় ইউনিয়ন পরিষদসহ এলাকার জনগণকে আরো বেশী সচেতন হওয়া প্রয়োজন। সরকার কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম জোরদার করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। কমিউনিটি ক্লিনিক হলো ইউনিয়ন পরিষদের সম্পত্তি। ক্লিনিকের ব্যবস্থাপনা কমিটির সভাপতি হলেন সংশ্লিষ্ট ওয়ার্ডের সভাপতি এবং চেয়ারম্যানগণ হলো উপদেষ্টা। তাই কমিউনিটি ক্লিনিক সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনা করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তদারকি করার অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন স্বাস্থ্য বিভাগ নিয়ে অনেক অভিযোগ পাওয়া যাচ্ছে। স্বাস্থ্য সেবাকে আরো উন্নত করা এবং সেবা প্রাপ্তি সহজ করার লক্ষ্যে স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা ও কর্মচারী, জনপ্রতিনিধি, গণমাধ্যম এবং সচেতন জনগণের সমন্বয়ে একটি মতবিনিময় সভা আয়োজন করার প্রস্তাব করেন।<br>খ) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। এ উপজেলায় ৪৩,৭৩১ টি সক্ষম দম্পতি রয়েছে এবং চলতি মাসে ২৭ টি নবদম্পতি সৃষ্টি হয়েছে। উপজেলায় ২,৬৫৯ জন গর্ভবতী রয়েছে। গর্ভবতী মায়েদের ডেলিভারী নিকটস্থ হাসপাতালে অথবা প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা দ্বারা করতে পরিবারকে সচেতন করার জন্য উপস্থিত সকলের প্রতি অনুরোধ জানান। | ক) স্বাস্থ্য সেবাকে আরো উন্নত করা এবং সেবা প্রাপ্তি সহজ করার লক্ষ্যে স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা ও কর্মচারী, জনপ্রতিনিধি, গণমাধ্যম এবং সচেতন জনগণের সমন্বয়ে একটি মতবিনিময় সভা আয়োজন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>খ) গর্ভবতী মায়েদের ডেলিভারী নিকটস্থ হাসপাতালে অথবা প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা দ্বারা করতে পরিবারকে সচেতন করার জন্য উপস্থিত সকলের প্রতি অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন টিউবওয়েল স্থাপন বিষয়ে অনেক অভিযোগ পাওয়া যাচ্ছে, তাছাড়া অনেক চেয়ারম্যানগণও এ বিষয়ে অভিযোগ করছেন। তিনি ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থ বছরের ইউনিয়নওয়ারী তালিকায় বর্তমান অবস্থাসহ আগামী সভায় উপস্থাপন করার জন্য উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন ২০২৩-২৪ অর্থ বছরের টিউবওয়েল স্থাপন কাজ সমাপ্ত হয়েছে, তবে কয়েকটি টিউবওয়েলে প্লাটফর্ম এখনও পাকা করা হয়নি এবং ২০২৪-২৫ অর্থ বছরের প্রায় ৭টি টিউবওয়েল স্থাপনের কাজ অসমাপ্ত রয়েছে। তিনি খুব দ্রুত কাজ সমাপ্ত করবেন মর্মে সভায় জানান। | ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থ বছরের ইউনিয়নওয়ারী তালিকা ও বর্তমান অবস্থাসহ বাস্তবায়নের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করার জন্য উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |

CamScanner

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>সমাজসেবা বিভাগ</td><td>উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার তাঁর পরিচয় প্রদান করে বলেন বিভাগের কার্যক্রম 'সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। বিশেষ করে ২০২৫-২৬ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা খাতের আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধি, শিক্ষা উপবৃত্তি ও অনগ্রসর ভাতার অনলাইন আবেদন ১৩ অক্টোবর হতে ৬ নভেম্বর/২০২৫ পর্যন্ত আবেদন কার্যক্রম চলমান রয়েছে। উপজেলার ৯টি ইউনিয়নে জনগণের মধ্যে যাদের বয়স মহিলাদের ক্ষেত্রে ৬২ বছর, পুরুষদের ক্ষেত্রে ৬৫ বছর, ১৮ বছরের উর্ধ্বে বিধবা ও স্বামী নৃগ্রীহিতা এবং ৪ বছর বয়সের উর্ধ্বে মৃদু মাঝারী ও তীব্র প্রতিবন্ধি ব্যক্তিগণ অনলাইনে আবেদন করতে পারবেন। সমাজসেবা কর্তৃক মাঠ পর্যায়ে ঋণ দেওয়া ও আদায় কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভায় জানানা।</td><td>২০২৫-২৬ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা খাতের আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধি, শিক্ষা উপবৃত্তি ও অনগ্রসর ভাতার অনলাইনে জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>অন্যান্য</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলার অনেক দপ্তরের ওয়েব পোর্টাল অসম্পূর্ন এবং হালনাগাদ তথ্য নেই। দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ করা অতীব জরুরী। তাই দপ্তরসমূহের ওয়েব পোর্টাল দ্রুত হালনাগাদ করার জন্য সকল অফিসারকে অনুরোধ জানান।</td><td>ক) উপজেলার দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল অফিসারগণকে অনুরোধ জানানো।</td><td>সকল অফিসার</td></tr>
<tr><td>০৯</td><td>রাজস্ব তহবিল সংক্রান্ত</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের লক্ষ্য নিম্নবর্ণিত আবেদনগুলো সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>আবেদনসমুহ</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-ছাতক, বিউবো, সুনামগঞ্জ বকেয়া বিদ্যুৎ বিল</td><td>৫,৮৭,৪২৯/-</td></tr>
<tr><td>২। শিশু পার্ক এর দেওয়াল ভাঙ্গা অংশ মেরামত</td><td>৩,০০০/-</td></tr>
<tr><td>৩। উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল বাবদ</td><td>৫,৫০০/-</td></tr>
<tr><td>৪। মো: সোহেল রানা, দোয়ারাবাজার এর চিকিৎসার জন্য আর্থিক সহযোগিতা</td><td>১৫,০০০/-</td></tr>
<tr><td>৫। জনাব রেদোয়ান আহমদ, দোয়ারাবাজারের চিকিৎসার জন্য আর্থিক সহযোগিতা</td><td>২০,০০০/-</td></tr>
<tr><td>৬। মেধা যাচাই পরীক্ষার কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের খরচ</td><td>১,০০,০০০/-</td></tr>
</table>
তিনি আবেদনগুলো অনুমোদন এবং ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার কর্তৃক উপস্থাপিত আবেদনগুলো অনুমোদন করা হয় এবং ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার</td></tr>
</table>

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(অরূপ রতন সিংহ)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

CamScanner

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২৪-৮৭ তারিখ ঃ- ২৭ অক্টোবর, ২০২৫ খ্রিঃ ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৪। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৫। জনাব..................................................................................................।

৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৭। সংরক্ষণ নথি

27.10.2025

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮

CamScanner